

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রঙানি-১ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১২ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

নং ২৬.০০.০০০০.১০০.৪২.১১.১৩-১২—বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং বাম/র-১/বিবিধ-৫/২০১০/২৭, তারিখ ১৪-০২-২০১১ এর মাধ্যমে কোন পণ্যের উৎস, পরিমাণ ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও) জারি করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) কে ৩১-১২-২০১২ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বছর বছর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই) কে সি.ও জারীর ক্ষমতা আগামী ১ (এক) বছর অর্থাৎ ০১-০১-২০১৬ হতে ৩১-১২-২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

- (ক) সি.ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করবে;
- (খ) পূরণকৃত সি.ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;
- (গ) ইস্যুকৃত সি.ও ফরম এর অনুলিপি সংরক্ষণ করবে;
- (ঘ) বিসিআই মহাসচিব এর তত্ত্বাবধানে সি.ও ইস্যু করতে হবে; এবং
- (ঙ) মন্ত্রণালয়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মাহমুদা খাতুন
উপ-সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(৮-২৯)

মূল্য : টাকা ৪০০০